**পরিশিষ্ট-ক**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

এবং

সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

**সূচিপত্র**

উপক্রমণিকা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

সেকশন ২: বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক

এবং

সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর মধ্যে ২০১৯ সালের .............. মাসের .................... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Bangladesh Freedom Fighters' Welfare Trust)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের রাষ্ট্রীয় সম্মানি ভাতা মাসিক সর্বোচ্চ ৩০,০০০ হতে ৪৫,০০০ টাকা এবং ন্যূনতম ৯,৭০০ হতে ২৫,০০০ টাকা বৃদ্ধি করা হয়েছে। গণবাহিনীর খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য, বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারসহ মোট ৭০২১ জনকে রাষ্ট্রীয় সম্মানি ভাতা বাবদ গত ০৩ বছরে সর্বমোট ৭৯৪,৯৪,০১,৫৩৯/- টাকা (সাতশত চুরানব্বই কোটি চুরানব্বই লক্ষ এক হাজার পাঁচশত উনচল্লিশ) পরিশোধ করা হয়েছে। এছাড়া বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন,২০১৮ প্রণয়নের ফলে ২০১৮-২০১৯ অর্থবছর হতে বিভিন্ন বাহিনীর ৪,৮৪৯ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারকে রাষ্ট্রীয় সম্মানি ভাতা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী ২৩,০৪৫ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন সুবিধা প্রদান করা হয়েছে। ১,৫৭০ জন যুদ্ধাহত ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাকে স্মার্ট আইডি কার্ড প্রদান করা হয়েছে। গত ৩ বছরে যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা বাবদ ৯,৫১,২৯,৪০৭/- টাকা (নয় কোটি একান্ন লক্ষ উনত্রিশ হাজার চারশত সাত) ব্যয় হয়েছে। এছাড়া গত ০৩ বছরে মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের ২,৯০২ (দুই হাজার নয়শত দুই) জনকে ৭,৮৯,৩৬,১৩৭/- (সাত কোটি উননব্বই লক্ষ ছত্রিশ হাজার একশত সাঁইত্রিশ) টাকা বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি প্রদান করা হয়েছে। চট্টগ্রামের আগ্রাবাদস্থ ৩৬ নং প্লটের উপর (২বি+১৭)= ১৯ তলা এবং ৭১ নং প্লটের ওপর ৪টি বেইজমেন্টসহ ২৯ তলা (৪বি+২৫) বাণিজ্যিক ভবনের নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তিকরণ, সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ, যথাসময়ে যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের রিট মামলাসহ বিভিন্ন মামলা নিষ্পত্তিকরণ এবং ট্রাস্টের আয় বৃদ্ধি করা কল্যাণ ট্রাস্টের প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

শেয়ারিং পদ্ধতিতে চট্টগ্রামের আলমাস সিনেমা হলের জায়গায় মার্কেট/বাণিজ্যিক ভবন নির্মাণ; টঙ্গি ও বোর্ডবাজারস্থ ৩টি জায়গায় মার্কেট/বাণিজ্যিক/হালকা শিল্প (যেমন-গার্মেন্টস) ভবন নির্মাণ; গজনবি রোডের ১/৬ নং প্লট এবং নারায়নগঞ্জের ডালপট্টি ও নিতাইগঞ্জের ২টি স্থানের উপর বহুতল বাণিজ্যিক/আবাসিক ভবন নির্মাণ। ঢাকার হাটখোলাস্থ ৪নং হরদেও অফিস বাড়িতে শেয়ারিং পদ্ধতিতে বহুতল বাণিজ্যিক কাম আবাসিক ভবনের বেইজমেন্ট নির্মাণ। রিট মামলাসহ বিভিন্ন মামলা নিষ্পত্তিকরণ।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ট্রাস্ট মালিকানাধীন বাক্সলি ওয়্যারহাউজ ভাড়া প্রদান;
- ২টি অকেজো গাড়ি নিলামে বিক্রিকরণ;
- তাবানি বেভারেজ কোং লি: এর অকেজো মালামাল নিলামে বিক্রিকরণ;
- **১১৮৭০** জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের এবং ১২৬ জন গণবাহিনীর খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাকে রাষ্ট্রীয় সম্মানিভাতা প্রদান;
- ৩৮৯৭০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যকে রেশন সুবিধা প্রদান;
- ৩৫০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে স্মার্ট আইডি কার্ড প্রদান;
- ৩৯০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে চিকিৎসা সুবিধা প্রদান;
- ২৯০২ জন মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মকে উচ্চ শিক্ষার জন্য বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি প্রদান;
- বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।

## সেকশন ১:

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

### ১.১ রূপকল্প:

যুদ্ধাহত, খেতাবপ্রাপ্ত ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সার্বিক কল্যাণ সাধন।

### ১.২ অভিলক্ষ্য:

যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সার্বিক কল্যাণ সাধন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের আর্থিক অবস্থা দৃঢ়করণ, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ এবং মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের উচ্চশিক্ষায় সহায়তা প্রদান।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১.৩.১ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের কল্যাণ সাধন;
২. বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের আর্থিক অবস্থা দৃঢ়করণ;
৩. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।
৪. মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের উচ্চশিক্ষায় সহায়তা প্রদান;

### ১.৪ প্রধান কার্যাবলি:

১. ট্রাস্টকে আর্থিকভাবে সমৃদ্ধ ও সামর্থ্যবান করার জন্য ট্রাস্টের মালিকানাধীন স্থাবর ও অস্থাবর সম্পত্তির উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা এবং সম্পত্তি অর্জনের যাবতীয় কার্যক্রম গ্রহণ;
২. সরকার কর্তৃক নির্ধারিত হারে সম্মানী ভাতা, উৎসব ভাতা বা অন্য কোনো ভাতা, সম্মানী বা সুবিধা প্রদান;
৩. ত্রাণ ও পুনর্বাসনের লক্ষ্যে অর্থ, পণ্য বা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোনো সহায়তা প্রদান;
৪. বিভিন্ন প্রকল্প বা কর্মসূচি প্রণয়ন, বাস্তবায়ন, রক্ষণাবেক্ষণ ও এর ব্যবস্থাপনা;
৫. যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণকে ঔষধপত্রসহ প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান;
৬. যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণের চিকিৎসাসেবা নিশ্চিত করার লক্ষ্যে বিশেষায়িত চিকিৎসার নিমিত্ত ক্লিনিক, ডিসপেনসারি বা হাসপাতাল প্রতিষ্ঠা এবং এর ব্যবস্থাপনার দায়িত্ব পালন;
৭. শহিদ পরিবার ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণের জন্য পুনর্বাসন ও প্রশিক্ষণকেন্দ্র প্রতিষ্ঠা ও প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণসহ এর ব্যবস্থাপনার দায়িত্ব পালন;
৮. সুবিধাভোগীদের শিক্ষা বৃত্তি প্রদান;
৯. স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন, ধারণ ও সরকারের পূর্বানুমোদনক্রমে হস্তান্তর ও বিক্রয়;
১০. তহবিল গঠন ও এর ব্যবস্থাপনা;
১১. ট্রাস্টের জন্য অর্থ, সিকিউরিটিজ, দলিলাদি অথবা অন্য কোনো অস্থাবর সম্পত্তি গ্রহণ;
১২. ট্রাস্টের অর্থ ও তহবিল বিনিয়োগ এবং প্রয়োজনবোধে বিনিয়োগ পরিবর্তন;
১৩. সরকার কর্তৃক অনুমোদিত যে কোনো সিকিউরিটিজ ক্রয়, বিক্রয়, পৃষ্ঠাঙ্কন, হস্তান্তর, বিনিময় বা এই প্রকারের কার্যক্রম সম্পন্নকরণ;
১৪. সরকারের অনুমোদনক্রমে যে কোনো ব্যক্তি বা দেশি বা বিদেশি প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন এবং এতদসংশ্লিষ্ট প্রয়োজনীয় দলিলাদি সম্পাদন;
১৫. দেশি বা বিদেশি প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে উন্নয়ন কার্যক্রম গ্রহণ ও সম্পাদন;
১৬. এ আইনের উদ্দেশ্য পূরণকল্পে, অন্য যে কোনো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

## সেকশন ২
## বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | | ২০২০-২১ | ২০২১-২২ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| (১) যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের জীবনমান উন্নয়ণ। | সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | সংখ্যা | ২৮৫০১ | ২৮৫০১ | ২ ৮৫০১ | ২ ৮৫০১ | ২ ৮৫০১ | সশস্ত্র বাহিনী বিভাগ প্রতিরক্ষা মন্ত্রণালয়' সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট পাক্ষিক ও বার্ষিক প্রতিবেদন। |
| (২) ট্রাস্টের আর্থিক অবস্থা উন্নীত। | আয়কৃত অর্থ | টাকা (কোটি) | ১৭.০৫ | ১৭.৬২ | ১৮.০৩ | ১৮.৪১ | ১৮.৫০ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট পাক্ষিক ও বার্ষিক প্রতিবেদন। |
| (৩) মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের উচ্চশিক্ষা নিশ্চিত। | সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | সংখ্যা | ২৯০০ | ২৯০০ | ২৯০০ | ২৯০০ | ২৯০০ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয় এবং সকল শিক্ষাবোর্ড | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট পাক্ষিক ও বার্ষিক প্রতিবেদন। |
| (৪) বঙ্গবন্ধু পিএইচডি কোর্সের মাধ্যমে তদানিন্তন পূর্ব বাংলার আর্থ সামাজিক জীবন ও মুক্তিযুদ্ধ এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধে কুটনীতিকদের ভূমিকা বিষয়ে গবেষণা নিশ্চিতকরণ। | সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ২ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ঢাকা বিশ্ববিদ্যালয় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর কল্যাণ বিভাগে সংরক্ষিত রেজিস্টার ও বার্ষিক প্রতিবেদন। |

*সাময়িক

# সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০২০ (Target/Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২০-২০২১ | প্রক্ষেপন (Projection) ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০ % | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের কল্যাণ সাধন। | ৩৮ | [১.১] যুদ্ধাহত, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রাষ্ট্রীয় সম্মানি ভাতা প্রদান। | [১.১.১] যুদ্ধাহত, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবার | সংখ্যা | ১৩ | ৭০২১ | ৭০২১ | ১১৮৭০ | ১১৮২০ | ১১৭৮০ | ১১৭৫০ | ১১৭০০ | ১১৮৭০ | ১১৮৭০ |
| | | [১.২] যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন সুবিধা প্রদান। | [১.২.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | সংখ্যা | ১২ | ২৩০৪৫ | ২৩০৪৫ | ৩৮৯৭০ | ৩৮৯২০ | ৩৮৮৭০ | ৩৮৮২০ | ৩৮৭৭৫ | ৩৮৯৭০ | ৩৮৯৭০ |
| | | [১.৩] যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের উন্নতমানের আইডি কার্ড প্রদান। | [১.৩.১] নির্ধারিত সময়ে প্রদানকৃত আইডি কার্ড | সংখ্যা | ৭ | ৩০০ | ২০০ | ৩৫০ | ৩২৫ | ৩১০ | ৩০৫ | ৩০০ | ২৯০ | ২৭০ |
| | | [১.৪] যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান। | [১.৪.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | সংখ্যা | ৬ | ৩৬০ | ৩৭০ | ৩৯০ | ৩৬০ | ৩৪০ | ৩২০ | ৩০০ | ৩৫০ | ৩২০ |
| [২] ট্রাস্টের আর্থিক অবস্থা দৃঢ়করণ। | ১৯ | [২.১] ট্রাস্ট মালিকানাধীন বাক্সলি ওয়্যারহাউস ভাড়া প্রদান। | [২.১.১] নির্ধারিত সময়ে ভাড়া প্রদানকৃত। | তারিখ | ৭ | ০০ | ০০ | ৩০/০৪/২০২০ | ১৫/০৫/২০২০ | ৩১/০৫/২০২০ | ১৫/০৬/২০২০ | ৩০/০৬/২০২০ | - | - |
| | | [২.২] ২টি অকেজো গাড়ি নিলামে বিক্রিকরণ। | [২.২.১] নির্ধারিত সময়ে নিলামে বিক্রিত। | তারিখ | ৬ | ০০ | ০০ | ৩০/০৪/২০২০ | ১৫/০৫/২০২০ | ৩১/০৫/২০২০ | ১৫/০৬/২০২০ | ৩০/০৬/২০২০ | - | - |
| | | [২.৩] তাবানি বেভারেজ কোং লি: এর অকেজো মালামাল নিলামে বিক্রিকরণ। | [২.৩.১] নির্ধারিত সময়ে নিলামে বিক্রিত। | তারিখ | ৬ | ০০ | ০০ | ৩০/০৪/২০২০ | ১৫/০৫/২০২০ | ৩১/০৫/২০২০ | ১৫/০৬/২০২০ | ৩০/০৬/২০২০ | - | - |
| [৩] মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের উচ্চ শিক্ষায় সহায়তা প্রদান। | ১০ | [৩.১] বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি প্রদান | [৩.১.১] বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী | সংখ্যা | ৬ | ২৯০০ | ২৯০০ | ২৯০০ | ২৬১০ | ২৩২০ | ২০৩০ | ১৭৪০ | ২৯০০ | ২৯০০ |
| | | [৩.২] বঙ্গবন্ধু পিএইচডি কোর্সে শিক্ষাবৃত্তি প্রদান। | [৩.২.১] বৃত্তিপ্রাপ্ত গবেষক | সংখ্যা | ৪ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ |
| [৪] ট্রাস্টের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ। | ৮ | [৪.১] সাংগঠনিক কাঠামোর শূন্যপদে জনবল নিয়োগ প্রদান | [৪.১.১]নির্ধারিত সময়ে নিয়োগ প্রদানকৃত | তারিখ | ৬ | ০০ | ২৫/০৮/২০১৮ | ৩০/০৪/২০২০ | ১৫/০৫/২০২০ | ৩১/০৫/২০২০ | ১৫/০৬/২০২০ | ৩০/০৬/২০২০ | - | - |
| | | [৪.২] ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টে কর্মরত বিদ্যমান জনবলকে আইটি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলা | [৪.২.১] প্রশিক্ষিত দক্ষ জনবল | সংখ্যা | ২ | ০০ | ০০ | ০৫ | ০৪ | ০৪ | ০৪ | ০৪ | ১০ | ১০ |

# আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

## (মোট নম্বর-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০ % | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | [১.১] মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | [১.১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন ২০১৯ | ২১ জুন ২০১৯ | ২৪ জুন ২০১৯ | - | - |
| | | [১.২] ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | [১.২.১] মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি ২০১৯ | ২০ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ | ২২ জানুয়ারি ২০১৯ | ২৩ জানুয়ারি ২০১৯ |
| | | [১.৩] মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | [১.৩.১] ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি ২০২০ | ৩১ জানুয়ারি ২০২০ | ০৪ ফেব্রুয়ারি ২০২০ | ০৮ ফেব্রুয়ারি ২০২০ | ১১ ফেব্রুয়ারি ২০২০ |
| | | [১.৪] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [১.৪.১] আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| [২] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃতহ | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারিকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | [২.২] দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | [২.২.১] ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি ২০২০ | ২৪ জানুয়ারি ২০২০ | ২৮ জানুয়ারি ২০২০ | ৩১ মার্চ ২০২০ | ৩০ এপ্রিল ২০২০ |
| | | [২.৩] দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP)বাস্তবায়ন | [২.৩.১] উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ১১ ফেব্রুয়ারি ২০২০ | ১৮ ফেব্রুয়ারি ২০২০ | ২৫ ফেব্রুয়ারি ২০২০ | ০৪ মার্চ ২০২০ |
| | | | [২.৩.২] ডাটাবেইজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল ২০২০ | ২২ এপ্রিল ২০২০ | ০২ মে ২০২০ | ১৬ মে ২০২০ | ৩০ মে ২০২০ |
| | | [২.৪] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | [২.৪.১] হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | [২.৪.২] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর ২০১৯ | ১৫ জানুয়ারি ২০২০ | ০৭ ফেব্রুয়ারি ২০২০ | ১৭ ফেব্রুয়ারি ২০২০ | ২৮ ফেব্রুয়ারি ২০২০ |
| | | [২.৫] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৫.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | [২.৬] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | [২.৬.১] পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৬.২] ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | [৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.১.১] ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.১.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ১১ ফেব্রুয়ারি ২০২০ | ১৮ ফেব্রুয়ারি ২০২০ | ২৫ ফেব্রুয়ারি ২০২০ | ০৪ মার্চ ২০২০ |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ১১ ফেব্রুয়ারি ২০২০ | ১৮ ফেব্রুয়ারি ২০২০ | ২৫ ফেব্রুয়ারি ২০২০ | ০৪ মার্চ ২০২০ |
| | | [৩.৩] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | [৩.৩.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | [৩.৪] অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | [৩.৪.১] নিষ্পত্তিকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | [৩.৫] বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | [৩.৫.১] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | [৩.৬] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [৩.৬.১] নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০ % | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [৪] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | [৪.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন | [৪.১.১] ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | [৪.১.২] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভূক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | [৪.২] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৪.২.১] সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [৪.২.২] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৪.৩] দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর ২০১৯ | ৩১ অক্টোবর ২০১৯ | ১৫ নভেম্বর ২০১৯ | ২৯ নভেম্বর ২০১৯ | ০৬ ডিসেম্বর ২০১৯ |

আমি , ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

---------------------------------------- ------------------------------

ব্যবস্থাপনা পরিচালক তারিখ

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

---------------------------------------- ----------------------------------

সচিব তারিখ

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

**সংযোজনী-১**

শব্দসংক্ষেপ

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | মুবিম | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| ২ | জামুকা | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল |
| ৩ | বামুকট্রা | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| ৪ | টিবিডি | টু বি ডেভেলপ |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | যুদ্ধাহত, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রাষ্ট্রীয় সম্মানি ভাতা প্রদান। | সুবিধাপ্রাপ্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবার। | শারীরিক অসামর্থ্য অনুযায়ী ০৪টি ক্যাটাগরিতে প্রতিবছর গড়ে ১১,৮৭০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদেরকে রাষ্ট্রীয় সম্মানি ভাতা প্রদান করা হচ্ছে। এছাড়াও ৬৭৬ জন খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাকে "খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সম্মানিভাতা প্রদান নীতিমালা,২০১৬ অনুসারে রাষ্ট্রীয় সম্মানি ভাতা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। | প্রতি কিস্তিতে ব্যাংক এ্যাডভাইজের মাধ্যমে ভাতা প্রদান করা হয়। বিভাগওয়ারী এ্যাডভাইজের সিরিয়াল অনুযায়ী ভাতা প্রদানের সংখ্যা এবং প্রদত্ত অর্থের পরিমাপ করা হয়েছে। | ব্যাংক এ্যাডভাইজ প্রদানের তথ্য সংরক্ষিত রেজিস্টার। | |
| ২ | যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন সুবিধা প্রদান। | সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারের সদস্যদের নামে রেশন কার্ড ইস্যু করে থাকে। এ কার্ড প্রদর্শন করে প্রতিমাসে দেশের সকল পুলিশ লাইন থেকে কার্ডধারী যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারের সদস্যগন রেশন সামগ্রী গ্রহণ করে থাকে। যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারের সদস্যদের মধ্যে ৩৮,৯৭০ জনকে রেশন সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। | বিভাগওয়ারী রেশন কার্ডের রেজিষ্টার সংরক্ষণ করা হয়। রেজিষ্টারে উল্লিখিত সুবিধাভোগীদের সংখ্যা গণনা করে মোট সংখ্যা নির্ধারণ করা হয়েছে। | রেশন কার্ড প্রদানের রেজিষ্টার। | |
| ৩ | যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের স্মার্ট আইডি কার্ড প্রদান। | নির্ধারিত সময়ে আইডি কার্ড প্রদানকৃত। | যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের প্রাপ্য যাবতীয় সুযোগ-সুবিধাদি প্রদান সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় যৌথভাবে স্মার্ট কার্ড প্রস্তুত করে তা যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের মধ্যে বিতরণ করে থাকে। ২০১৯-২০ অর্থ বছরে ৩৫০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে স্মার্ট আইডি কার্ড প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। | আইডি কার্ডের রেজিষ্টার সংরক্ষণ করা হয়। ২০০টি স্মার্ট আইডি কার্ড প্রদান করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৪ | যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান। | সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের মধ্যে ৩৭০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে দেশে-বিদেশে চিকিৎসা সুবিধা প্রদান করা হয়েছে। ২০১৯-২০ অর্থ বছরে ৩৯০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে চিকিৎসা সুবিধা প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। | ব্যাংক এ্যাডভাইজের মাধ্যমে স্ব-স্ব সুবিধাভোগীর ব্যাংক হিসেবে চিকিৎসার অর্থ প্রেরণ করা হয়। ব্যাংক এ্যাডভাইজে উল্লিখিত বিভাগওয়ারী ক্রমিক সংখ্যা গণনা করে মোট সুবিধাভোগীর সংখ্যা নির্ধারণ ও প্রদত্ত অর্থের পরিমাপ করা হয়েছে । | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৫ | ট্রাস্ট মালিকানাধীন বাক্সলি ওয়্যারহাউস ভাড়া প্রদান। | নির্ধারিত সময়ে ভাড়া প্রদানকৃত। | যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের সুযোগ-সুবিধা প্রদান এবং ট্রাস্টের আর্থিক অবস্থা দৃঢ়করণের জন্য ট্রাস্ট মালিকানাধীন চট্টগ্রামস্থ বাক্সলি পেইন্টস লি: এর জায়গায় বাক্সলি ওয়্যারহাউস নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। উক্ত ওয়্যারহাউস ২০১৯-২০২০ অর্থবছরে ভাড়া প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | ইষ্টার্ণ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ লিঃ এবং ট্রাস্ট প্রধান কার্যালয়ের প্রকৌশল শাখার সংশ্লিষ্ট প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করে নির্মাণ কাজের অগ্রগতি রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয়। পরিদর্শন রেজিস্টার এবং ট্রাস্টের শিল্প ও বাণিজ্য বিভাগ হতে প্রাপ্ত তথ্য। | পরিদর্শন রেজিস্টার এবং ট্রাস্টের শিল্প ও বাণিজ্য বিভাগ হতে প্রাপ্ত তথ্য। | |
| ৬ | ২টি অকেজো গাড়ি নিলামে বিক্রিকরণ। | নির্ধারিত সময়ে নিলামে বিক্রিত। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রধান কার্যালয়ের ২টি অকেজো গাড়ি ট্রাস্টে বিদ্যমান যানবাহন ও যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ নীতিমালা অনুযায়ী ২০১৯-২০২০ অর্থ বছরে নিলামে বিক্রির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | ট্রাস্ট প্রধান কার্যালয় এর যানবাহন শাখা হতে প্রাপ্ত তথ্য। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর যানবাহন শাখার প্রতিবেদন। | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি | উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৭ | তাবানি বেভারেজ কোং লি: এর অকেজো মালামাল নিলামে বিক্রিকরণ। | নির্ধারিত সময়ে নিলামে বিক্রিত। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও ট্রাস্টাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের অকেজো যানবাহন, যন্ত্রপাতি ও বিভিন্ন সামগ্রি ট্রাস্টে বিদ্যমান যানবাহন, যন্ত্রপাতি ও অকেজো দ্রব্যাদি অকেজো ঘোষণাকরণ নীতিমালা অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরে তাবানি বেভারেজ কোং লি: এর অকেজো মালামাল নিলামে বিক্রির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রধান কার্যালয়ের শিল্প ও বাণিজ্য বিভাগের প্রতিবেদন।। | শিল্প ও বাণিজ্য বিভাগ হতে প্রাপ্ত তথ্য। | |
| ৮ | বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি প্রদান। | বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নিজস্ব অর্থায়নে মুক্তিযোদ্ধাদের সন্তান/প্রজন্মের উচ্চশিক্ষায় আর্থিক সহায়তা প্রদানের জন্য মেধাভিত্তিতে ২৯০০ জন শিক্ষার্থীকে “বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি” প্রদান করা হয়েছে। এছাড়া প্রতি বছর শিক্ষার্থীর সংখ্যা ৬০০ জন হারে বৃদ্ধি করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। | ব্যাংক এ্যাডভাইজের মাধ্যমে স্ব-স্ব সুবিধাভোগীর ব্যাংক হিসেবে বৃত্তির অর্থ প্রেরণ করা হয়। ব্যাংক এ্যাডভাইজের মাধ্যমে মোট ২৯০০ জনকে বৃত্তি প্রদান করা হয়েছে | সুবিধাভোগীর ব্যাংক হিসেবে বৃত্তির অর্থ ব্যাংক এ্যাডভাইজের মাধ্যমে প্রেরণের রেজিস্টার। | |
| | | বৃত্তিপ্রাপ্ত গবেষক | বঙ্গবন্ধু পিএইচডি কোর্সে শিক্ষা বৃত্তির জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ০২ জন গবেষককে বঙ্গবন্ধু পিএইচডি কোর্সের মাধ্যমে তদানিন্তন পূর্ব বাংলার আর্থ সামাজিক জীবন ও মুক্তিযুদ্ধ এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধে কুটনীতিকদের ভূমিকা বিষয়ে গবেষণার জন্য পিএইচডি বৃত্তি প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর কল্যাণ বিভাগে সংরক্ষিত তথ্য এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর বার্ষিক প্রতিবেদন। | কল্যাণ বিভাগে সংরক্ষিত তথ্য ও বার্ষিক প্রতিবেদন। | |
| ৯ | সাংগঠনিক কাঠামোর শূন্যপদে জনবল নিয়োগ প্রদান। | নির্ধারিত সময়ে নিয়োগ প্রদানকৃত। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের সংশোধিত ১৬৭ জনের জনবল কাঠামো’র শূন্য পদে জনবল নিয়োগ প্রক্রিয়াধীন আছে। ২০১৯-২০ অর্থ বছরে জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর মানব সম্পদ শাখায় সংরক্ষিত তথ্য। | মানব সম্পদ শাখায় সংরক্ষিত তথ্য। | |
| ১০ | ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর জনবলকে আইটি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলা | প্রশিক্ষিত দক্ষ জনবল | ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টে মাসিক প্রশিক্ষণের সুবিধা রয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | প্রশিক্ষণ সংক্রান্ত মাসিক প্রতিবেদন। | প্রশিক্ষণ সংক্রান্ত মাসিক প্রতিবেদন। | |

## সংযোজনী- ৩

অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসন | যুদ্ধাহত ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রাষ্ট্রীয় সম্মানিভাতা প্রদানের নিমিত্ত তাঁদের সঠিকতা যাচাইকরণ; | সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | যুদ্ধাহত ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রাষ্ট্রীয় সম্মানিভাতা প্রদানের নিমিত্ত তাঁদের সঠিকতা যাচাইকরণ; | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কল্যাণ প্রবিধান অনুযায়ী যুদ্ধাহত ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের ভাতা বিতরণের জন্য বিভিন্ন জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন যুদ্ধাহত ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সঠিকতা যাচাই বাছাই করার কাজ সম্পন্ন করে থাকে। যেহেতু জেলা প্রশাসনকে মন্ত্রিপরিষদ বিভাগ সরাসরি নিয়ন্ত্রণ করে থাকে সেহেতু মন্ত্রিপরিষদ বিভাগের নিকট পরোক্ষভাবে এরূপ চাহিদার যৌক্তিকতা। | ভাতা প্রদানে অনিশ্চয়তা দেখা দেবে। |
| শিল্প মন্ত্রণালয় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ভূ-সম্পত্তি ট্রাস্টের নামে রেকর্ডভূক্ত এবং দলিল হালনাগাদ করণ; | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের স্থাবর সম্পদ | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ভূ-সম্পত্তি ট্রাস্টের নামে রেকর্ডভূক্ত এবং দলিল হালনাগাদ করণ; | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ভূ-সম্পত্তি শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে ট্রাস্টের নিকট হস্তান্তরিত হয়েছে। প্রাপ্ত যেসকল ভূ-সম্পত্তি অদ্যাবধি নানাবিধ জটিলতায় সঠিকভাবে ট্রাস্টের নামে রেকর্ডভূক্ত করা যায়নি, সেগুলো রেকর্ডভূক্ত করার জন্য শিল্প মন্ত্রণালয়ে সহযোগিতা প্রয়োজন। যেহেতু শিল্প মন্ত্রণালয় কর্তৃক ট্রাস্টের ভূ-সম্পত্তি হস্তান্তরিত হয়েছে সেহেতু শিল্প মন্ত্রণালয়ের নিকট প্রত্যক্ষভাবে এরূপ চাহিদার যৌক্তিকতা। | যেসকল ভূ-সম্পত্তিতে জটিলতা রয়েছে সেগুলো রক্ষা করণে অনিশ্চয়তা দেখা দেবে। |

আমি, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যান ট্রাস্ট, সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যান ট্রাস্ট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ২৬.০৬.১৯ | ২৬ জুন ২০১৯ |
| ব্যবস্থাপনা পরিচালক<br>বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যান ট্রাস্ট<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | তারিখ |
| ২৬/০৬/২০১৯ | ২৬ জুন ২০১৯ |
| সচিব<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | তারিখ |



